

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৩ অধি�শাখা
www.shed.gov.bd

৩৭.০০.০০০০.০৮৩.১১.০০৩.১৫(খন্দ-১)-৩৮১

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৫
৩০ আগস্ট ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৮/০৭/২০১৭ তারিখের ৮০.১০৯.০৩৬.০০.০১.২০১৬-১০৬ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে পুলিশ কর্তৃক প্রাক চাকুরি বৃত্তান্ত যাচাই প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে প্রার্থী বর্ণিত চাকুরির জন্য যোগ্য মর্মে ত্যু প্রদান করায় এবং কোন বিরূপ মন্তব্য না থাকায় জাতীয় বেতনক্ষেত্রে ২০১৫ এর টাকা ২২,০০০-৫৩,২৬০/- (৯ম গ্রেড) বেতনক্রম এবং প্রচলিত অন্যান্য ভাতাদি নিয়মবর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী স্থপতি শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁর নামের পার্শ্বে উল্লিখিত কর্মসূলে পদায়ন করা হলো:

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম ও স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মসূল
০১।	ফাহিমা ইসলাম লিরা পিতা: মো: জহুরুল ইসলাম ৩০, মুসলমানপাড়া রোড জেলা: খুলনা মেট্রো।	প্রধান কার্যালয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর


০২। শর্তাবলী:

- ক) নিজে বা পরিবারের অন্য সদস্যের জন্য তিনি কোন যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না মর্মে যোগদানপত্রের সাথে ঘোষণা দিতে হবে;
- খ) তিনি বিদেশী কেন নাগরিককে বিয়ে করে থাকলে অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারবক হয়ে থাকলে এ নিয়োগ বাতিল বলে গন্য হবে;
- গ) তিনি কোন সরকারী বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) গ্রহণ করতে হবে;
- ঘ) তাঁর যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিস হিসাবে গন্য করা হবে। শিক্ষানবিসকাল কর্তৃপক্ষের নিকট সত্ত্বোষজনক বিবেচিত হলে তাঁকে চাকুরিতে স্থায়ী করা হবে এবং শিক্ষানবিসকালে তাঁর কাজকর্ম ও আচরণ সত্ত্বোষজনক না হলে কোন কারন দর্শানো ব্যতিরেকে চাকুরিচ্যুত (Terminate) করা হবে;
- ঙ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে; এবং চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

০৩। উপরোক্তিতে শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৫ সেপ্টেম্বর ২০১৮/২১ ভাদ্র ১৪২৫ তারিখে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উল্লিখিত পদায়নকৃত কর্মসূলে যোগদান করতে হবে। অন্যথায় এ নিয়োগ বাতিল হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সৈয়দা নওয়ারা জাহান)

উপসচিব
ফোন: ৯৫৬১৪৪১

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তর ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (চাকুরি সংক্রান্ত সংশ্লিষ্ট কাগজপত্র এতদ্বারা প্রেরণ করা হলো)।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ০৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব/উপসচিব, উদ্বৃত্ত কর্মচারি শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পাল্টন, ঢাকা।
০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। জনাব ফাহিমা ইসলাম লিরা, সহকারী স্থপতি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।



(সৈয়দা নওয়ারা জাহান)
উপসচিব